পাঠ ১৮

# আজিকার শিশু

সুফিয়া কামাল



বাংলা

## পাঠের মূলকথা

'আজিকার শিশু' কবিতায় কবি তাঁর শিশুকালের সাথে এখনকার শিশুদের যুগের তুলনা করেছেন। কবির যুগের শিশুরা যে বয়সে পুতুল খেলত, সেই বয়সে এই যুগের শিশুরা প্রচুর লেখাপড়া করে। আগের দিনে যে বয়সে আকাশে শিশুরা ঘুড়ি উড়িয়েছে, সেই বয়সের শিশুরা এখন আকাশজুড়ে কলের জাহাজ চালায়। তারা উত্তর মেরু আর দক্ষিণ মেরু সম্পর্কে সবকিছু জানে। কবি শৈশবে সেগুলো সম্পর্কে জানতেন না; তিনি জেনেছেন সেখানে নাকি জিন, পরি, দেও-দানবের বাস। কবির যুগের শিশুদের মেরুতে মেরুতে কী আছে তা জানার উপায় ছিল না। এখন যুগের পরিবর্তন হয়েছে। আজকের শিশুরা তা সহজেই জানতে পারছে। আজকের শিশুদের ঘরে ঘরে আলোর অভাব নেই। তারা জ্ঞানের আলোয় সব অন্ধকার দূর করে চলেছে। তারা পাখি ডাকা রাঙা ভোর এনে জগৎ আনন্দময় করে তুলবে; পরস্পরকে প্রীতিডোরে বাঁধবে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৫ | পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৮৪ | আমাদের যুগে-------- গগন জুড়ি। |
| পিরিয়ড-৮৫ | উত্তর মেরু-------- করিয়া হবে। |
| পিরিয়ড-৮৬ | তোমাদের ঘরে----- বাঁধি প্রীতিডোর। |
| পিরিয়ড-৮৭ | সম্পূর্ণ কবিতা। |
| পিরিয়ড-৮৮ | সম্পূর্ণ কবিতা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বয়স | লেখাপড়া | আকাশ | ঘুড়ি | জাহাজ | গগন | জুড়ি | দক্ষিণ | পাতালপুরী | কাহিনি |
| পরিচয় | অন্ধকার | বাঁধি | রাঙা | মধুময় | প্রীতিডোর | | | | |

# ৫ ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ৩ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৬

গগন, কাহিনি।

উত্তর :

গগন — আকাশ।

কাহিনি — গল্প, ঘটনা।

### ২ ঘরের ভিতর থেকে শব্দ নিয়ে খালি জায়গা পূরণ করে বাক্য বলি লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৬

| প্রীতি | ঘুড়ি | শরীর | পাখি |
|---|---|---|---|

ক. শিশুরা আকাশে ——— ওড়াচ্ছে।

খ. ——— ভালো থাকলে মন ভালো থাকে।

গ. ——— ও শুভেচ্ছা রইল।

ঘ. ভোরে ——— ডাকে।

উত্তর :

ক. শিশুরা আকাশে ঘুড়ি ওড়াচ্ছে।

খ. শরীর ভালো থাকলে মন ভালো থাকে।

গ. প্রীতি ও শুভেচ্ছা রইল।

ঘ. ভোরে পাখি ডাকে।

### ৩ বাক্য বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৬

অন্ধকার ..............................

ফসল ..............................

কাহিনি ..............................

পরিচয় ..............................

উত্তর :

অন্ধকার — আলোতে অন্ধকার দূর হয়।

ফসল — কৃষকরা মাঠে ফসল ফলায়।

কাহিনি — বড়োদের কাছে আমরা গল্প-কাহিনি শুনি।

পরিচয় — আমাদের প্রথম পরিচয় আমরা মানুষ।

### ৪ আগের চরণটি বলি ও লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৬

..............................

তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।

..............................

আকাশ-আলোক বাঁধি আনি দূর করিবে অন্ধকার।

উত্তর :

আমরা যখন আকাশের তলে উড়ায়েছি শুধু ঘুড়ি

তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।

তোমাদের ঘরে আলোর অভাব কভু নাহি হবে আর

আকাশ-আলোক বাঁধি আনি দূর করিবে অন্ধকার।

### ৫ একই অর্থের শব্দ শিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

যুগ, গগন, আলো, অন্ধকার, জগৎ।

উত্তর :

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| যুগ | কাল, আমল |
| গগন | আকাশ, আসমান |
| আলো | কিরণ, আলোক |
| অন্ধকার | আঁধার, তিমির |
| জগৎ | পৃথিবী, দুনিয়া |

### ৬ কবিতাটি না দেখে বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

উত্তর : নিজে চেষ্টা করি।

### ৭ বুঝে নিই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

পাতালপুরী — মাটির নিচের কল্পনার জগৎ।

উত্তর মেরু — পৃথিবীর উত্তর ভাগ।

দক্ষিণ মেরু — পৃথিবীর দক্ষিণ ভাগ।

প্রীতিডোর — ভালোবাসার বন্ধন।

### ৮ আগের যুগের এবং বর্তমান যুগের তিনটি পার্থক্য বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

| আগের যুগ | বর্তমান যুগ |
|---|---|
| ১. ছেলেবেলায় পুতুল খেলা করে সময় অতিবাহিত করা হতো। | ১. বর্তমানে পড়াশোনা করে সময় অতিবাহিত হয়। |
| ২. আগে ঘুড়ি উড়িয়ে আনন্দে সময় পার করা হতো। | ২. এ যুগে বিমান, উড়োজাহাজ, হেলিকপ্টার চালিয়ে সময় পার হয়। |
| ৩. আগের যুগে ধারণা করা হতো উত্তর ও দক্ষিণ মেরুতে জিন, পরি, দেও-দৈত্যের আবাস ছিল। | ৩. উত্তর-দক্ষিণ মেরু, আকাশ-পাতাল কোথায় কী আছে এ কালের শিশুদের সব জানা। |

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

### পিরিয়ড ৮৪ আমাদের যুগে------- গগন জুড়ি।

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

গগন, জুড়ি, তলে, যুগে।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| গগন | গগোন্ |
| জুড়ি | জুড়ি |
| তলে | তলে |
| যুগে | যুগে |

**প্রশ্ন ২. 'আজিকার শিশু' কবিতাটি কে লিখেছেন?**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'আজিকার শিশু' কবিতাটি সুফিয়া কামাল লিখেছেন।

**প্রশ্ন ৩. এই যুগের শিশুরা গগন জুড়ে কী চালায়?**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** এই যুগের শিশুরা গগন জুড়ে কলের জাহাজ চালায়।

**প্রশ্ন ৪. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী দেখতে পাওয়া যায়?**

**উত্তর :** ছবিতে ঘরবাড়ি, নদী, সূর্য, গাছপালা, ছেলে-মেয়ে, প্রজাপতি ও ফুলের বাগান দেখতে পাওয়া যায়।

**প্রশ্ন খ. ছবিতে কে কী করছে?**

**উত্তর :** ছবিতে ছেলেটি প্রজাপতি ধরার চেষ্টা করছে। আর পেছনে দুটি মেয়ে বাগানে খেলা করছে।

### পিরিয়ড ৮৫ উত্তর মেরু------- করিয়া হবে।

**প্রশ্ন ৫. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. আগের দিনে শিশুরা কী কী করত?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আগের দিনে শিশুরা পুতুল নিয়ে খেলত, ঘুড়ি উড়াত।

**প্রশ্ন খ. তোমরা এখন কী কী কর?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা এখন প্রচুর পড়াশোনা করি, উত্তর মেরু ও দক্ষিণ মেরুর অজানা কাহিনি শুনি।

**প্রশ্ন ৬. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

জুড়ি, জিন, পরি, দেও, দানা, বাঁধি। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

জুড়ি — পূর্ণ বা ব্যাপ্ত।
জিন — ইসলামি বিশ্বাস অনুসারে আগুনের তৈরি অদৃশ্য দেহধারী জীববিশেষ।
পরি — রূপকথায় বর্ণিত ডানা-বিশিষ্ট সুন্দরী নারী।
দেও — দৈত্য।
দানা — দানব, অসুর।
বাঁধি — বেঁধে রাখি।

### পিরিয়ড ৮৬ তোমাদের ঘরে----- বাঁধি প্রীতিডোর।

**প্রশ্ন ৭. পাতালপুরী কোথায়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাতালপুরী মাটির নিচে।

**প্রশ্ন ৮. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

অন্ধকার, রাঙা, প্রীতিডোর।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| অন্ধকার | অন্ধোকার্ |
| রাঙা | রাঙা |
| প্রীতিডোর | প্রিতিডোর্ |

**প্রশ্ন ৯. আজকের শিশুরা কী কী জানে?**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আজকের শিশুরা জানে কীভাবে আকাশ-আলোক বেঁধে এনে অন্ধকার দূর করতে হয়; জানে কীভাবে ফুল-ফসল-পাখি ডাকা রাঙা ভোর এনে জগৎ মধুময় করতে হয় এবং প্রাণে প্রাণে প্রীতিডোর বাঁধতে হয়।

### পিরিয়ড ৮৭ সম্পূর্ণ কবিতা।

**প্রশ্ন ১০. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কলের জাহাজ কোথা চলে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কলের জাহাজ চলে গগনজুড়ে।

প্রশ্ন খ. 'পাতালপুরী' শব্দের অর্থ কী? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : 'পাতালপুরী' শব্দের অর্থ ভূগর্ভে নির্মিত গুপ্তগৃহ।

প্রশ্ন ১১. শিক্ষক কবিতার একটি চরণ বলবেন এবং শিক্ষার্থী পরের চরণটি লিখবে। (তোমাদের ..... প্রীতিডোর)

শিক্ষক : তোমাদের ঘরে আলোর অভাব কভু নাহি হবে আর।
শিক্ষার্থী : আকাশ-আলোক বাঁধি আনি দূর করিবে অন্ধকার।
শিক্ষক : তোমরা আনিবে ফুল ও ফসল পাখি-ডাকা রাঙা ভোর
শিক্ষার্থী : জগৎ করিবে মধুময়, প্রাণে প্রাণে বাঁধি প্রীতিডোর।

প্রশ্ন ১২. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।

মাতা, সূর্য, আগুন।

উত্তর :

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| মাতা | মা, জননী |
| সূর্য | রবি, তপন |
| আগুন | অগ্নি, বহ্নি |

**পিরিয়ড ৮৮** সম্পূর্ণ কবিতা।

প্রশ্ন ১৩. খেলা ও মেলার অন্ত্যমিলযুক্ত শব্দ লেখ।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| কবিতায় প্রদত্ত অন্ত্যমিলযুক্ত শব্দ | অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ |
|---|---|
| খেলা<br>মেলা | বেলা, হেলা, ভেলা, জেলা |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।

খেলা, জিন, আকাশ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

খেলা — ক্রিকেট আমার প্রিয় খেলা।
জিন — জিন আগুনের তৈরি।
আকাশ — আকাশে রংধনু ওঠে।

প্রশ্ন ২. নিচের প্রদত্ত শব্দ দিয়ে দুটি করে বাক্য লেখ।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| পুতুল | ১. এটা আমার পুতুল।<br>২. মিনি পুতুল খেলে। |
| ঘুড়ি | ১.<br>২. |
| গগন | ১.<br>২. |
| লেখাপড়া | ১.<br>২. |

উত্তর :

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| ঘুড়ি | ১. লাটাই ধরে টান দিলে ঘুড়ি নিচে নামে।<br>২. সে খোলা আকাশের নিচে ঘুড়ি ওড়াচ্ছে। |
| গগন | ১. গগনে মেঘ দেখা যাচ্ছে।<br>২. শিশুরা এখন গগনজুড়ে কলের জাহাজ চালায়। |
| লেখাপড়া | ১. লেখাপড়া করে বড়ো হও।<br>২. সে রাত দশটা পর্যন্ত পড়ালেখা করে। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ৩. কারা পুতুল খেলেছে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : কবির যুগের শিশুরা পুতুল খেলেছে।

প্রশ্ন ৪. কারা লেখাপড়া করে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : এই যুগের শিশুরা লেখাপড়া করে।

প্রশ্ন ৫. জিন, পরি, দেও কোথায় আছে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ধারণা করা হয়, উত্তর মেরু ও দক্ষিণ মেরুতে জিন, পরি, দেও আছে।

প্রশ্ন ৬. আজকের শিশুরা কীভাবে অন্ধকার দূর করবে?

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : আজকের শিশুরা আকাশ-আলোক বেঁধে এনে অন্ধকার দূর করবে।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

প্রশ্ন ৭. নিচের কবিতায় কয়টি দিকের নাম রয়েছে, দিকগুলো কী কী এবং কবিতায় ছন্দের অন্ত্যমিল শব্দগুলো লেখ।

কবিতাংশ

আমাদের যুগে আমরা যখন খেলেছি পুতুল খেলা
তোমরা এ যুগে সেই বয়সে লেখাপড়া করো মেলা।

আমরা যখন আকাশের তলে উড়ায়েছি শুধু ঘুড়ি
তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।
উত্তর মেরু, দক্ষিণ মেরু সব তোমাদের জানা
আমরা শুনেছি সেখানে রয়েছে জিন, পরি, দেও, দানা।

**উত্তর :** উপরের কবিতাংশে দুইটি দিকের নাম রয়েছে। যথা– উত্তর ও দক্ষিণ।

কবিতাংশের অন্ত্যমিলগুলো হলো– খেলা-মেলা, ঘুড়ি-জুড়ি ও জানা-দানা।

**প্রশ্ন ৮. ক. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ–**

তোমরা এ যুগে সেই বয়সে লেখাপড়া করো মেলা।
আমাদের যুগে আমরা যখন খেলেছি পুতুল খেলা
তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।
উত্তর মেরু, দক্ষিণ মেরু সব তোমাদের জানা
আমরা যখন আকাশের তলে উড়ায়েছি শুধু ঘুড়ি
আমরা শুনেছি সেখানে রয়েছে জিন, পরি, দেও, দানা।

**উত্তর :** আমাদের যুগে আমরা যখন খেলেছি পুতুল খেলা
তোমরা এ যুগে সেই বয়সে লেখাপড়া করো মেলা।
আমরা যখন আকাশের তলে উড়ায়েছি শুধু ঘুড়ি
তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।
উত্তর মেরু, দক্ষিণ মেরু সব তোমাদের জানা
আমরা শুনেছি সেখানে রয়েছে জিন, পরি, দেও, দানা।

**প্রশ্ন খ. কবিতায় কলের জাহাজ কী জুড়ে চালায়?**

**উত্তর :** কবিতায় কলের জাহাজ গগন জুড়ে চালায়।

**প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**

আকাশ, উত্তর, আলো, দূর, মধুময়, জানা।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| আকাশ | পাতাল |
| উত্তর | দক্ষিণ |
| আলো | আঁধার |
| দূর | কাছে/নিকটে |
| মধুময় | বিষাদময় |
| জানা | অজানা |

**প্রশ্ন ১০. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

ফুল, পাখি, ঘর, ভোর।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| ফুল | পুষ্প, প্রসূন |
| পাখি | বিহঙ্গ, খগ |
| ঘর | গৃহ, আবাস |
| ভোর | প্রাতঃকাল, প্রত্যূষ |

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১১. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

ফসল, পাখি, পুতুল, জাহাজ, উড়ায়েছি, লেখাপড়া, তোমাদের, গগন, শুনেছি, ঘুড়ি, যুগে। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ক. গাছে ——— বাসা তৈরি করেছে।
খ. কৃষক মাঠে ——— কাটে।
গ. আমাদের ——— আমরা যখন খেলেছি ——— খেলা।
ঘ. তোমরা এ যুগে সেই বয়সে ——— করো মেলা।
ঙ. আমরা যখন আকাশের তলে ——— শুধু ———।
চ. তোমরা এখন কলের ——— চালাও ——— জুড়ি।
ছ. উত্তর মেরু, দক্ষিণ মেরু সব ——— জানা।
জ. আমরা ——— সেখানে রয়েছে জিন, পরি, দেও, দানা।

**উত্তর :**

ক. গাছে **পাখি** বাসা তৈরি করেছে।
খ. কৃষক মাঠে **ফসল** কাটে।
গ. আমাদের **যুগে** আমরা যখন খেলেছি **পুতুল** খেলা।
ঘ. তোমরা এ যুগে সেই বয়সে **লেখাপড়া** করো মেলা।
ঙ. আমরা যখন আকাশের তলে **উড়ায়েছি** শুধু **ঘুড়ি**।
চ. তোমরা এখন কলের **জাহাজ** চালাও **গগন** জুড়ি।
ছ. উত্তর মেরু, দক্ষিণ মেরু সব **তোমাদের** জানা।
জ. আমরা **শুনেছি** সেখানে রয়েছে জিন, পরি, দেও, দানা।

**প্রশ্ন ১২. বাম কলামের শব্দগুলোর দিয়ে নতুন অন্ত্যমিলযুক্ত শব্দ লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

| কবিতায় প্রদত্ত অন্ত্যমিলযুক্ত শব্দ | অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ |
|---|---|
| ঘুড়ি | |
| জুড়ি | |
| সবে | |
| হবে | |
| জানা | |
| দানা | |

**উত্তর :**

| কবিতায় প্রদত্ত অন্ত্যমিলযুক্ত শব্দ | অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ |
|---|---|
| ঘুড়ি | মুড়ি, তুড়ি, কুড়ি। |
| জুড়ি | কুঁড়ি, ফুঁড়ি, ঝুড়ি। |
| সবে | তবে, যবে, ভবে। |
| হবে | কবে, রবে, তবে। |
| জানা | মানা, খানা, টানা। |
| দানা | ডানা, ভানা, থানা। |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে। | | | |
| পাঠ্যাংশ পড়ে প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ না দেখে লিখতে পেরেছে। | | | |
| কবিতা লিখতে পেরেছে। | | | |
| কবিতার বিষয় বুঝে নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতা লিখতে পেরেছে। | | | |
| কবিতা শুনে অন্ত্যমিল শনাক্ত করতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐

### ধারাবাহিক মূল্যায়ন

শিক্ষার্থীর নাম :............................ শ্রেণি :............................ সময় :............... রোল নম্বর : ☐

১। ঘরের ভিতর শব্দ নিয়ে খালি জায়গা পূরণ করে বাক্য লেখ।

| প্রীতি | ঘুড়ি | শরীর | পাখি |
|---|---|---|---|

ক. শিশুরা আকাশে ——— ওড়াচ্ছে।
খ. ——— ভালো থাকলে মন ভালো থাকে।
গ. ——— ও শুভেচ্ছা রইল।
ঘ. ভোরে ——— ডাকে।

২। নিচের চরণগুলো সাজিয়ে লেখ।

________________

তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।

________________

আকাশ-আলোক বাঁধি আনি দূর করিবে অন্ধকার

৩। একই অর্থের শব্দ লেখ।

যুগ, গগন, আলো, অন্ধকার, জগৎ।

৪। কবিতায় কয়টি দিকের নাম রয়েছে, দিকগুলো কী কী এবং কবিতায় ছন্দের অন্ত্যমিল শব্দগুলো লেখ।

**কবিতাংশ**

আমাদের যুগে আমরা যখন খেলেছি পুতুল খেলা
তোমরা এ যুগে সেই বয়সে লেখাপড়া করো মেলা।
আমরা যখন আকাশের তলে উড়ায়েছি শুধু ঘুড়ি
তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।
উত্তর মেরু, দক্ষিণ মেরু সব তোমাদের জানা
আমরা শুনেছি সেখানে রয়েছে জিন, পরি, দেও, দানা।

### উত্তরমালা

১ ▸ ক. শিশুরা আকাশে ঘুড়ি ওড়াচ্ছে।
খ. শরীর ভালো থাকলে মন ভালো থাকে।
গ. প্রীতি ও শুভেচ্ছা রইল।
ঘ. ভোরে পাখি ডাকে।

২ ▸

আমরা যখন আকাশের তলে উড়ায়েছি শুধু ঘুড়ি
তোমরা এখন কলের জাহাজ চালাও গগন জুড়ি।
তোমাদের ঘরে আলোর অভাব কভু নাহি হবে আর
আকাশ-আলোক বাঁধি আনি দূর করিবে অন্ধকার।

৩ ▸

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| যুগ | কাল, আমল |
| গগন | আকাশ, আসমান |
| আলো | কিরণ, আলোক |
| অন্ধকার | আঁধার, তিমির |
| জগৎ | পৃথিবী, দুনিয়া |

৪ ▸ উপরের কবিতাংশে দুইটি দিকের নাম রয়েছে। যথা— উত্তর ও দক্ষিণ।

কবিতাংশের অন্ত্যমিল শব্দগুলো হলো— খেলা-মেলা, ঘুড়ি-জুড়ি ও জানা-দানা।

মূল্যায়ন রিপোর্ট :

শিখনের অর্জিত মাত্রা ☐